

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩ ১৮৪
বিলোনিয়া, ২৫ মার্চ, ২০২৫

বিলোনিয়ায় জাতীয় বিজ্ঞান দিবস উপলক্ষে আলোচনাচক্র

জাতীয় বিজ্ঞান দিবস উপলক্ষে গতকাল বিলোনিয়া বিদ্যাপীঠ দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ে এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। আলোচনাচক্রে বিখ্যাত বিজ্ঞানী ড. সি ভি রমনের জীবনের উপর আলোচনা করা হয়। আলোচনাচক্রের উদ্বোধন করেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি দীপক দত্ত। এছাড়াও উপস্থিত ছিলেন বিলোনিয়া পুর পরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপ, পুর পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি অনুপম চক্রবর্তী, জেলা শিক্ষা কার্যালয়ের ওএসডি জীবনচন্দ্র দাস, রাষ্ট্রপতি পুরস্কারপ্রাপ্ত শিক্ষক সন্তোষ নাথ, বিলোনিয়া বিদ্যাপীঠ দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মৃগালকান্তি দাস প্রমুখ। আলোচনাচক্রে অতিথিগণ ছাত্রছাত্রীদের আরও বেশি করে বিজ্ঞানমনস্ক হওয়ার উপর গুরুত্ব আরোপ করেন। জাতীয় বিজ্ঞান দিবস উপলক্ষে এদিন মহকুমার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে বিজ্ঞান বিষয়ক পোষ্টার প্রতিযোগিতা, বসে আঁকো প্রতিযোগিতা এবং কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠান শেষে অতিথিগণ বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।
